

১৯৭২ সালে অটো প্রমোশনের মাধ্যমে দেশের শিক্ষা ব্যবস্থায় ধস নামানো হয়

শিক্ষা প্রতিমন্ত্রী

কুষ্টিয়া প্রতিনিধি

শিক্ষা প্রতিমন্ত্রী আন ম এছানুল হক মিলন বলেছেন, শিক্ষাকে গুরুত্ব না দিলে জাতি অবহেলিত থাকবে। স্বাধীনতা-পরবর্তী সময়ে তৎকালীন সরকার শিক্ষাকে অবহেলা করেছে। ৭২ সালে অটো-প্রমোশন দেয়ার মাধ্যমে এ দেশের শিক্ষা ব্যবস্থায় ধস নামানো হয়। বিগত দিনে শিক্ষকদের ব্যবহার করা হয়েছে। রাজনৈতিক উদ্দেশ্যে শিক্ষকদের ব্যবহার করা উচিত নয়। অনেক শিক্ষক এতদিন নকলকে প্রশ্রয় দিয়েছেন কিন্তু সে ধারার পরিবর্তন ঘটেছে। মন্ত্রী গতকাল শুক্রবার বিকালে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ কুষ্টিয়া জেলা শাখার যৌথ সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। শুক্রবার সকালে কুষ্টিয়া পুলিশ লাইন কলেজ মাঠে বাকশিস ও বিপিসি'র যৌথ সম্মেলনের উদ্বোধন করেন ডাক প্রতিমন্ত্রী আহসানুল হক মোল্লা। সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সৈয়দ মেহেদী আহমেদ কুমী এমপি, অধ্যক্ষ আলহাজ সোহরাব উদ্দিন এমপি, জেলা প্রশাসক মোঃ আশরাফুল মকবুল ও পুলিশ সুপার মোঃ শামসুদ্দিন। যৌথ সম্মেলনে প্রধান বক্তা ছিলেন বিপিসি সভাপতি বাকশিস মহাসম্পাদক শিক্ষক, কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম। বাকশিস কুষ্টিয়া জেলা শাখার সভাপতি অধ্যক্ষ এমএ বারীর সভাপতিত্বে সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নেত্রী বেগম মহিমা খন্দকার, অধ্যক্ষ শহীদ হোসেন, নূর আফরোজ জ্যোতি, বাকশিস কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ রফিকুল আলম, বিপিসি আহ্বায়ক অধ্যক্ষ খন্দকার শওকত আলী, সনৎ কুমার মুখার্জি প্রমুখ। সম্মেলনে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিপিসি) কুষ্টিয়া জেলা শাখার সভাপতি নির্বাচিত হয়েছেন অধ্যক্ষ আলহাজ সোহরাব উদ্দিন এমপি।